গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
জিএফডিপি ওয়েস্ট শাখা
www.rthd.gov.bd

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ ও অধীনস্ত দপ্তর/সংস্থার NIS কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ এর প্রথম প্রান্তিক (জুলাই-সেপ্টেম্বর, ২০২১) এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী:

সভাপতি : মোঃ নজরুল ইসলাম
সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ : ৩০ সেপ্টেম্বর, ২০২১
সময় : সকাল ১০.৩০ মিনিট
স্থান : অনলাইনে (জুম এ্যাপস)

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে এ বিভাগের NIS ফোকাল পয়েন্ট কর্মকর্তা বলেন, মন্ত্রিপরিষদ বিভাগ হতে ২০১৩ সালে জারীকৃত পরিপত্র অনুযায়ী নৈতিকতা কমিটির কার্যপরিধি অনুসারে নৈতিকতা কমিটির সভার আয়োজন করা হয়েছে। এ বিভাগ ও অধীন দপ্তর/সংস্থাসমূহের ২০২১-২০২২ অর্থবছরের NIS কর্ম-পরিকল্পনার প্রথম প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং NIS বিবিধ বিষয় সম্পর্কে আলোচনার জন্য এ সভা অনুষ্ঠিত হচ্ছে। এ বিভাগের NIS বিকল্প ফোকাল পয়েন্ট উপসচিব জনাব দীপঙ্কর মন্ডল এ বিভাগ ও অধীনস্ত দপ্তর/সংস্থাসমূহের ২০২১-২০২২ অর্থ-বছরের NIS কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির ত্রৈমাসিক প্রতিবেদন Zoom Platform-এ পর্যায়ক্রমে Power Point এ Screen Share এর মাধ্যমে উপস্থাপন করেন।

২.০ ২০২১-২০২২ অর্থ-বছরের NIS কর্ম-পরিকল্পনার প্রথম প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি নিম্নোক্তভাবে সভায় উপস্থাপন করা হয় :

২.১ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ২০২১-২০২২ অর্থ-বছরের NIS কর্ম-পরিকল্পনার প্রথম প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনায় দেখা যায় শতভাগ লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। সে বিবেচনায় প্রথম প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক।

২.২ সড়ক ও জনপথ অধিদপ্তর (সওজ) ২০২১-২০২২ অর্থ-বছরের একইভাবে ১ম প্রান্তিকে NIS কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে লক্ষ্যমাত্রা পূরণ করেছে। প্রথম প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক।

২.৩ বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) বিগত বছরসমূহের তুলনায় ২০২১-২০২২ অর্থ-বছরের NIS কর্ম-পরিকল্পনা সন্তোষজনকভাবে বাস্তবায়ন করেছে। পর্যালোচনায় প্রায় শতভাগ লক্ষ্য অর্জিত হয়েছে মর্মে প্রতীয়মান হয়েছে।

২.৪ বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি) এর ২০২১-২০২২ অর্থ-বছরের NIS কর্ম-পরিকল্পনার প্রথম প্রান্তিকের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। ক্রমিক ২.৩ এর বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন কার্যক্রমে ১ম প্রান্তিকে লক্ষ্যমাত্রা ২০%, কিন্তু অর্জন ১০% উল্লেখ করা হয়েছে। বিআরটিসির পক্ষ হতে জানানো হয় যে, ভুলবশতঃ লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিল। এটি সংশোধন করা প্রয়োজন। নৈতিকতা কমিটির মাধ্যমে লক্ষ্যমাত্রা সংশোধন করা যেতে পারে মর্মে আলোচনা হয়;

২.৫ ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) এর ২০২১-২০২২ অর্থ-বছরের NIS কর্ম-পরিকল্পনা পর্যালোচনা করা হয়। নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন কার্যক্রম সম্পর্কিত ১.২ ক্রমিকে লক্ষ্যমাত্রা অন্তর্ভূক্ত করা হয়নি। ডিটিসিএ হতে অবহিত করা হয় যে, ভুলবশতঃ লক্ষ্যমাত্রা প্রদর্শিত হয়নি। এ লক্ষ্যমাত্রা NIS অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করার পূর্বে নৈতিকতা কমিটির মাধ্যমে সংশোধনের বিষয়ে আলোচনা হয়;

২.৬ ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড (ডিএমটিসিএল) এর ২০২১-২০২২ অর্থ-বছরের NIS কর্ম-পরিকল্পনা পর্যালোচনা করা হয়। ৩.৪ ক্রমিকের ডিএমটিসিএল-এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের মাসিক অগ্রগতির প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশ লক্ষ্যমাত্রায় ১ম প্রান্তিকে ৩টি নির্ধারিত থাকলেও অর্জন ২টি। লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে অথবা বাস্তবতা ব্যাখ্যাপূর্বক সংশ্লিষ্ট নৈতিকতা কমিটির মাধ্যমে সংশোধন করা যেতে পারে মর্মে আলোচনা হয়;

২.৭ ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড (ঢাকা বিআরটি) এর ২০২১-২০২২ অর্থ-বছরের NIS কর্ম-পরিকল্পনা পর্যালোচনা করা হয়। ২.১ ক্রমিকে ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ কার্যক্রমে লক্ষ্যমাত্রা ৩০/৯ উল্লেখ করা হয়েছে। যা অসম্পূর্ণ মর্মে প্রতীয়মান হয়। ২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন কার্যক্রমে ১ম প্রান্তিকে লক্ষ্যমাত্রা ২০%, কিন্তু অর্জন ১১% উল্লেখ করা হয়েছে। এ বিষয়ে ব্যাখ্যা প্রয়োজন। ঢাকা বিআরটির দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জানান যে, ২.১ ক্রমিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী তারিখ ৩০/৯ উল্লেখ করা হয়েছে। এটি ৩০/৯/২০২১ হওয়ার কথা যা মূদ্রণজনিত ভুল। কিন্তু অর্জন করা সম্ভব হবে না বিধায় লক্ষ্যমাত্রা পরিবর্তন করা প্রয়োজন এবং ২.৩ ক্রমিকের কার্যক্রম ভুলবশতঃ নির্ধারণ করা হয়েছে যা সংশোধন করা প্রয়োজন। বাস্তবতা ব্যাখ্যাপূর্বক সংশ্লিষ্ট নৈতিকতা কমিটির মাধ্যমে সংশোধন করা যেতে পারে মর্মে সভায় আলোচনা হয়;

৩.০ সভাপতি বলেন বিগত বছরের ন্যায় এ বছরও আমাদের সাফল্য ধরে রাখতে হবে। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে সকলের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। তিনি আরো বলেন, NIS কর্ম-পরিকল্পনা সংস্থার লক্ষ্য উদ্দেশ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ, শুদ্ধাচার প্রতিষ্ঠায় সহায়ক, বাস্তবভিত্তিক ও লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হয় সেভাবেই সতর্কতার সাথে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা প্রয়োজন।

৪.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয় :

<u>সিদ্ধান্ত :</u>

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| (১) | বিআরটিসি'র NIS কর্ম-পরিকল্পনার ২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন কার্যক্রমের লক্ষ্যমাত্রা সংশ্লিষ্ট নৈতিকতা কমিটির মাধ্যমে সংশোধন করা যেতে পারে; | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বিআরটিসি |
| (২) | ডিটিসিএ'র NIS কর্ম-পরিকল্পনার ১.২ ক্রমিকের নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন কার্যক্রমে লক্ষ্যমাত্রা NIS অগ্রগতি প্রেরণ করার পূর্বে সংশ্লিষ্ট নৈতিকতা কমিটির মাধ্যমে সংশোধ করা যেতে পারে; | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ডিটিসিএ |
| (৩) | ডিএমটিসিএল'র NIS কর্ম-পরিকল্পনার ৩.৪ ক্রমিকের ডিএমটিসিএল-এর আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের মাসিক অগ্রগতির প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশ লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে অথবা বাস্তবতা ব্যাখ্যাপূর্বক সংশ্লিষ্ট নৈতিকতা কমিটির মাধ্যমে সংশোধন করা যেতে পারে; | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ডিএমটিসিএল |
| (৪) | ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড (ঢাকা বিআরটি) এর NIS কর্ম-পরিকল্পনার ২.১ ক্রমিকে ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা (প্রকল্পের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনাসহ) ওয়েবসাইটে প্রকাশ কার্যক্রমের লক্ষ্যমাত্রা এবং ২.৩ বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন কার্যক্রমের লক্ষ্যমাত্রা পুনঃনির্ধারণে বাস্তবতা ব্যাখ্যাপূর্বক সংশ্লিষ্ট নৈতিকতা কমিটির মাধ্যমে সংশোধন করা যেতে পারে; | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ঢাকা বিআরটি |
| (৫) | এ বিভাগ ও অধীন সকল দপ্তর/সংস্থার ২০২১-২০২২ অর্থ-বছরের NIS কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন নিশ্চিত করতে হবে; | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা,সওজ/ বিআরটিএ/বিআরটিসি/ ডিটিসিএ/ডিএমটিসিএল/ ঢাকা বিআরটি |
| (৬) | ২০২১-২০২২ অর্থ-বছরের NIS কর্ম-পরিকল্পনার ১ম প্রান্তিকের কার্যক্রমসমূহের সকল অর্জনের স্বপক্ষে প্রমাণক সংরক্ষণ করতে হবে। নির্ধারিত সময়ে অগ্রগতি প্রতিবেদনের সাথে প্রমাণকসমূহ প্রেরণ নিশ্চিত করতে হবে। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সওজ/ বিআরটিএ/বিআরটিসি/ ডিটিসিএ/ডিএমটিসিএল/ ঢাকা বিআরটি |

৫.০ আর কোনো আলোচনা না থাকায় শুদ্ধাচার বাস্তবায়নের অগ্রগতি অব্যাহত রাখার অনুরোধ জানিয়ে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৬/১০/২০২১
(মোঃ নজরুল ইসলাম)
সচিব

স্মারক নং-৩৫.০০.০০০০.০১৫.০৬.০০৮.২১-৪৪

তারিখ : ২২ আশ্বিন, ১৪২৮
০৭ অক্টোবর, ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
০৩। অতিরিক্ত সচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৪। নির্বাহী পরিচালক, ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ, নগর ভবন, ঢাকা
০৫। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), এলেনবাড়ি, তেজগাঁও, ঢাকা
০৬। চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন (বিআরটিসি), পরিবহন ভবন, মতিঝিল, ঢাকা
০৭। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন, ঢাকা
০৮। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা বাস র‍্যাপিড ট্রানজিট কোম্পানী লিমিটেড, বাড়ী-৪, সড়ক-২১, সেক্টর-৪, উত্তরা, ঢাকা
০৯। যুগ্মসচিব (সকল), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েব সাইটের শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের অনুরোধসহ)
০৩। অফিস কপি/মাস্টার কপি।

৭/১০/২০২১

দীপঙ্কর মন্ডল
উপসচিব
ফোন : ৯৫১৪০৭৫
E-mail: dsmaintenance@rthd.gov.bd